

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
ওয়েব সাইট : www.techedu.gov.bd  
ই-মেইল : [techedu09@gmail.com](mailto:techedu09@gmail.com)

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.২৭.৩২৭.১৬. ১৫২৬

তারিখ : ০২/১১/২০১৬ খ্রিঃ

বিষয় : ২০১৬ খ্রিঃ অনুষ্ঠিত এসএসসি(ভোকেশনাল) নবম শ্রেণীর বোর্ড ফাইনাল পরীক্ষায় রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের কেন্দ্র সচিবের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের চীফ ইন্সট্রাক্টর(রেডিও এন্ড টিভি) জনাব তপন কুমার ঘোষ এর বিরুদ্ধে ২০১৬ খ্রিঃ সনে এসএসসি(ভোকেশনাল) নবম শ্রেণীর বোর্ড ফাইনাল পরীক্ষায় অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। বর্তমান অধ্যক্ষ অসুস্থতার কারণে ছুটিতে থাকায় তাকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব দেয়া হয়েছে।

- ২। জনাব তপন কুমার ঘোষ এর সম্মান তনয় ব্যানার্জী একজন পরীক্ষার্থী হওয়ার পরও তিনি নিজে প্রধান হল পরিদর্শী হয়েছেন- যা কারিগরি শিক্ষা বোর্ডের নীতিমালা পরিপন্থী।
- ৩। প্রতি ১৬ জন পরীক্ষার্থীর বিপরীতে একজন হল পরিদর্শী থাকার নিয়ম থাকলেও তিনি ২৫ জন পরীক্ষার্থীর বিপরীতে একজন পরিদর্শীকে দায়িত্ব প্রদান করেছেন। ফলে পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে না।
- ৪। নিয়ম অনুযায়ী প্রতিদিন এক কেন্দ্রে একজন হল সুপার থাকার কথা থাকলেও তিনি নিয়ম বর্হিভূতভাবে ৪ জন হল সুপার নিয়োগ দিয়েছেন।

এমতাবস্থায়, তাঁকে জনাব তপন কুমার ঘোষ এর বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পর্কে পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে বিস্তারিত প্রতিবেদন/মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলো।

  
(মোঃ মিজানুর রহমান)  
যুগ্ম-সচিব

পরিচালক(ভোকেশনাল)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অধ্যক্ষ  
রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ  
রংপুর।

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।